গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া
(রাজস্ব শাখা)।
www.dckushtia.gov.bd

স্মারক নম্বর :৫০.৪৪.৫০০০.০০৫.০৫.০০১.২৪- ৯৬

তারিখ : ২১ পৌষ ১৪৩১ / ০৫ জানুয়ারি ২০২৪

## ২০ একরের উর্ধ্বের জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী কুষ্টিয়া জেলার নিম্নলিখিত জলমহালগুলো বাংলা ১৪৩২-১৪৩৪ সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে **jm.lams.gov.bd** লিংকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | উপজেলার নাম | | সরকারি ইজারামূল্য (প্রতিবছর) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | কুষ্টিয়া সদর | হাসাদহ জলমহাল (আয়তন–২০.০৩ একর) | ৩০,০৪৫/- | |
| ২ | | নৃসিংদহ জলমহাল (পূর্ব আব্দালপুর) (আয়তন-৫৫.৮৩ একর) | ৮৩,৭৪৫/- | |
| ৩ | | পাহাড়পুর-হরিনারায়নপুর জলকর (পাহাড়পুর হতে হরিনারায়ন পুর) আয়তন-৪৪.০২ একর | ৪৫,১৫০/- | |
| ৪ | | পাটিকাবাড়ী-নাটনা জলকর (পাটিকাবাড়ী, উত্তরমাগুরা, চরনাটনা, মনোহরদিয়া, গাংদী, ব্যসপুর ও নাটনা মৌজা) আয়তন-৭০.৫৩ একর। | ৫,২৫,৬০৪/- | |
| ৫ | | বামনগ্রাম মৌজার জলমহাল, আয়তন- ২৩.৫৮ একর। | ৭,৮৭,৫০০/- | |
| ৬ | কুমারখালী | ডাকুয়া জলকর (হাউসখাল হতে সাজিপাড়া) আয়তন-২০.৪০ একর | ১,৮৭,৯৫০/- | |
| ৭ | | ডাকুয়া জলমহাল, (নাতুড়িয়া হতে হাউস খাল) আয়তন-২১.৮২ একর | ৪,২০,৫২৫/- | |
| ৮ | | ডাকুয়া জলমহাল (মধুপুর হাট হতে নাতুড়িয়া) আয়তন- ৩৩.৬০একর | ১০,২০,১৮০/- | |
| ৯ | | ডাকুয়া জলমহাল (ধর্মপাড়া বাঁধ হতে গড়াই নদীর মুখ) আয়তন- ২৬.৬৩ একর | ১৮,৯১,০৫০/- | |
| ১০ | | ডাকুয়া জলমহাল (রামদিয়া হতে পান্টি), আয়তন -২৪.৫১একর | ২,৯৪,১০৭/- | |
| ১১ | | ডাকুয়া জলমহাল (ভালুকা সাজিপাড়া হতে রামদিয়া) আয়তন- ২০.১৭একর । | ৯,৭১,২৫০/- | |
| ১২ | মিরপুর | মালিহাদ-গোপিনাথপুর জলকর (মালিহাদ, গোপিনাথপুর) আয়তন-৬০.০৯ একর | ৯৪,৫০০/- | |
| ১৩ | | বিল আমলা জলকর, আয়তন -৪৩.১৭ একর | ৬৪,৭৫৫/- | |
| ১৪ | | সাগরখালী জলকর, আয়তন -২৩.০০ একর | ৩৪,৫০০/- | |
| ১৫ | | মাজিহাট জলকর, আয়তন - ৪৩.১৭ একর। | ৬৪,৭৫৫/- | |
| ১৬ | | ঝুটিয়াডাঙ্গা পাংগাসিয়া নদী জলকর,আয়তন- ৪৩.১০ একর | ১৪,৩৮,৫০০/- | |
| ১৭ | দৌলতপুর | জগন্নাথপুরদহ (হরিবল্লভপুর), আয়তন-২০.৬৯ একর | ২,৭৩,০০০/- | |
| ১৮ | | হিসনা জলমহাল (চরহোগলবাড়িয়া মৌজার ১৮৯৬ দাগের জলকর), আয়তন-২১.০০ একর | ৪৪,১০০/- | |
| ১৯ | | হিসনা জলমহাল (চর হোগলবাড়ীয়া শিরনীতলা বাঁধহতে চরদিয়াড় রাস্তার বাঁধ) আয়তন-২১.৪২ একর | ২৬,২৫০/- | |
| ২০ | | হিসনা জলমহাল (চর হোগলবাড়ীয়া মৌজার চামনাই, কল্যাণপুর, হলুদবাড়ীয়া), আয়তন ৪০.২০ একর | ৪,৯৩,৫০০/- | |
| ২১ | | হিসনা জলমহাল (চরমাজদিয়ার মৌজার হিসনাপাড়া বাঁধ হতে হরিশংকরা পর্যন্ত), আয়তন-২৯.৯৭ একর | ৪২,১০৫/- | |
| ২২ | ভেড়ামারা | সাতবাড়ীয়া মৌজার ১৭৪৩ ও ১৯০০ দাগের জলকর, আয়তন - ২৬.৬৬ একর। | ১,৪১,৭৫০/- | |
| ২৩ | | চন্দনা জলমহাল ,আয়তন-২৪.৯০ একর | ২,৭৮,২৫০/- | |
| ২৪ | | ভগিরদহ জলকর, আয়তন -৪৪.৮৩ একর | ২৭,৮২,৫০০/- | |

চলমান পাতা-০২

**২০ একরের উর্ধ্বে বদ্ধ সরকারি জলমহালের সিডিউল (ভূমি মন্ত্রণালয়ের ১৭ ডিসেম্বর ২০২৪ খ্রি: তারিখের ৬৯৪ নং স্মারকের প্রজ্ঞাপন মোতাবেক): তপশিল**

| ক্র: নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ১ | ০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে (১৫/০১/২০২৫ হতে ২৮/০১/২০২৫ পর্যন্ত) | অনলাইনে সরকারি জলমহাল ইজারার আবেদন দাখিল |
| ২ | ১৪ মাঘের পরবর্তী ৩ (তিন) কার্যদিবসের মধ্যে (২৯/০১/২০২৫ হতে ০২/০২/২০২৫ পর্যন্ত) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল |

০৫/১/২৫

(মোঃ তৌফিকুর রহমান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া
☎০২৪৭৭৭৮২৩০০
✉ dckushtia@mopa.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। জেলা প্রশাসক,................... ।
০৫। পুলিশ সুপার, কুষ্টিয়া ।
০৬। প্রশাসক, কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক), কুষ্টিয়া।
০৮। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া।
০৯। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর/দৌলতপুর/ভেড়ামারা/মিরপুর/কুমারখালী/খোকসা, কুষ্টিয়া।
১০। জেলা মৎস্য কর্মকর্তা/ সমবায় কর্মকর্তা, কুষ্টিয়া।
১১। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড/সড়ক ও জনপথ বিভাগ/জনস্বাস্থ্য প্রকৌশলী, কুষ্টিয়া।
১২। সহকারী কমিশনার (ভূমি), কুষ্টিয়া সদর/দৌলতপুর/ ভেড়ামারা/মিরপুর/ কুমারখালী/খোকসা, কুষ্টিয়া ।
১৩। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, খুলনা।
১৪। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, কুষ্টিয়া।
১৫। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া [ইজারা বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
১৬। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, কুষ্টিয়া [ইজারা বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ----------------------------(সংশ্লিষ্ট জলমহালভুক্ত এলাকা)।
১৮। সম্পাদক, ------------------------------------------------------ খ্রি, তারিখে স্বল্প পরিসরে (৩ কলামে × ১৩´´) জলমহাল দরপত্র বিজ্ঞপ্তি ০১ (এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো।
১৯। নোটিশ বোর্ড।

**-:নির্দেশিকা ও শর্তাবলী :-**

০১. সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে।

**০২. অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে আপলোড করা হয়েছে।**

০৩. সরকারি জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের সময়সীমা **০১ মাঘ হতে ১৪ মাঘ ১৪৩১ (২৮/০১/২০২৫ খ্রি.) পর্যন্ত।**

**০৪. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদি প্রিন্টিং কপিসহ দরপত্র ক্রয়/ আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জেলা প্রশাসক, কুষ্টিয়া বরাবর দাখিল করতে হবে।** সরকারি জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মূলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া এর রাজস্ব (এসএ) শাখায় দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে ''জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন'' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বামপার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখতে হবে।

০৫. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনে দাখিলকৃত তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

০৬. আবেদনপত্রের প্রিন্টিং কপিসহ দাখিলের সময় আবেদনপত্রে উদ্ধৃত মূল্যের ২০% অর্থ জামানত হিসাবে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জেলা প্রশাসক, কুষ্টিয়া এর অনুকূলে আবেদনপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে। তাছাড়া আবেদনপত্র দাখিলকারী মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক সমিতির নিবন্ধনপত্রের সত্যায়িত কপিসহ প্রয়োজনীয় সকল কাগজপত্র এবং মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে জেলা/উপজেলা সমবায় অফিসার প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র অসম্পূর্ণ থাকলে বাতিলযোগ্য হবে।

০৭. ইজারার মেয়াদ বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে বাংলা ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত কার্যকর হবে। চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল প্রদান করা হবে না এবং বাংলা ১৪৩৪ সনের ৩০ চৈত্রের পর স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল বলে গণ্য হবে।

০৮. ইজারার আবেদনপত্র অনুমোদনে বিলম্ব হলে উক্ত বিলম্বের কারণে কোন অবস্থাতেই ইজারার মেয়াদ বৃদ্ধির আবেদন গ্রহণযোগ্য হবেনা। বছরের যে কোন সময়ে দরপত্র আহবান করা হলেও ইজারার মেয়াদ বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে এবং বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে সকল সরকারি প্রাপ্য আদায়যোগ্য হবে।

০৯. জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী আবেদনপত্র গৃহীত হওয়া সাপেক্ষে বিভাগীয় কমিশনার মহোদয়ের সিদ্ধান্তের প্রেক্ষিতে আবেদনপত্রে প্রদত্ত ১ম বছরের ইজারামূল্যসহ ইজারা মূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে নির্ধারিত কোডে চালান করতে হবে এবং পরবর্তী বছর সমূহের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে জমা দিতে হবে। অন্যথায় ইজারা বাতিলসহ জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবেনা। বকেয়া টাকা আইনানুগভাবে আদায় করা হবে।

১০. আবেদনপত্র কেবলমাত্র অনলাইনে দাখিল করা যাবে। মৎস্যজীবী সমবায় সমিতির একটি ই-মেইল ঠিকানা থাকা বাঞ্ছনীয়।

১১.জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ইজারা প্রস্তাব অনুমোদনের পর যে সকল আবেদনপত্র গৃহীত হবেনা, সে সকল আবেদনপত্রের সাথে জামানত হিসাবে সংযুক্ত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আবেদনকারী কর্তৃক আবেদন সাপেক্ষে ফেরত দেয়া হবে।

১২. প্রতিটি আবেদনপত্রের প্রিন্টেড কপির খামের উপর জলমহালের নাম, মৎস্যজীবী সমবায় সমিতির নাম ও ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের সাথে সমিতির রেজিস্ট্রেশন সনদ, সমিতির গঠনতন্ত্র, সভাপতি/সম্পাদকের ছবি, নির্বাহী কমিটির সদস্যদের তালিকা, ০২ বছরের অডিট রিপোর্ট (প্রযোজ্য ক্ষেত্রে), ০৩ বছরের কর্ম পরিকল্পনা, ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ, সমবায় অফিসার কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র, সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

১৩. জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত আবেদনপত্রের সাথে দাখিলকৃত জামানত শেষ বছরের ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। ৩০০/-(তিন শত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি দলিল সম্পাদন করতে হবে। ইজারা গ্রহীতা কোন অবস্থাতেই সম্পূর্ণ জলমহাল বা অংশ বিশেষ সাব-লিজ দিতে পারবেন না। ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের আয়তন এবং দখলীয় আয়তনের মধ্যে তারতম্য হলেও কোন আপত্তি উত্থাপন করতে পারবেন না।

১৪. দাখিলকৃত আবেদনসমূহ বিবেচনার ক্ষেত্রে ভূমি মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুসরণ করা হবে।

১৫. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৫/১/২৫

(মোঃ তৌফিকুর রহমান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কুষ্টিয়া

☎০২৪৭৭৭৮২৩০০
✉ dckushtia@mopa.gov.bd